গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের এপ্রিল ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	: আঃ গাফ্‌ফার খান, যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।
তারিখ ও সময়	: ৩০.০৪.২০১৭ খ্রিঃ, সকালঃ ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সরকারী প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, সরকারি দপ্তরের কার্যক্রমকে আরো সহজীকরণ করতে ইনোভেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এর মাধ্যমে প্রশাসন বা মাঠ পর্যায়ের কার্যক্রমের সময়, খরচ এবং ভিজিট কমানো যায়। তিনি শোকেসিং এর মাধ্যমে বাছাইকৃত ৪টি প্রকল্পের রেপ্লিকেশনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ৪টি প্রকল্পের দ্রুত বাস্তবায়নে তাগাদা রয়েছে। এগুলো দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিস্ট কর্মকর্তাদের নির্দেশ দেন। তিনি আরো জানান, মন্ত্রণালয় দুই ভাগে বিভক্ত হওয়ায় শোকেসিং এর মাধ্যমে বাছাইকৃত ৪টি প্রকল্পের মধ্যে মা ও শিশু মৃত্যুর হার রোধ সংক্রান্ত ২টি প্রকল্প স্বাস্থ্য বিভাগে পড়েছে। বাকী ২টি প্রকল্প স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে পড়েছে। সভাপতি মহোদয় কোন কোন অধিদপ্তরে নিয়মিত মাসিক সভা ও ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ অদ্যাবধি অনুষ্ঠিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে প্রশাসন-৪ অধিশাখার উপ-সচিব জনাব মোহাম্মদ নাসির উদ্দীন কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। শুধুমাত্র ফেরদৌসী হক, পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তরের নামের সংশোধনী ছাড়া অন্য কোন সংশোধনী কিংবা সংযোজন/বিয়োজন না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম আগত অধিদপ্তর/দপ্তরসমূহের প্রতিনিধিবৃন্দকে নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান ও কার্যবিবরণী যথারীতি স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৩. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম জানান, ঔষধ প্রশাসন অধিদপ্তর ব্যতিত অপরাপর সকল অধিদপ্তর/দপ্তরে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরে ০২ (দুই) দিনের প্রশিক্ষণ জরুরিভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন। মে ২০১৭ মাসের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্নের জন্য সভাপতি ঔষধ প্রশাসন অধিদপ্তর-কে অনুরোধ করেন। জনাব ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর জানান স্বাস্থ্য অধিদপ্তরের উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ গত ২৮-২৯ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। জনাব মোঃ মুহিদ ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর জানান, আগামী মে মাসের মধ্যভাগে দুই দিনের উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪. সভাপতি মহোদয় প্রশিক্ষণ কারিকুলামে উদ্ভাবনী অন্তর্ভুক্তির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর জানান সকল সিভিল সার্জনকে প্রশিক্ষণ সিলেবাসে উদ্ভাবনী বিষয়টি অন্তর্ভূক্ত করতে অনুরোধ করা হয়েছে।

৫. নিয়মিত মাসিক সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব আব্দুল হামিদ মোড়ল, উর্দ্ধতন প্রশিক্ষক, নিপোর্ট, জনাব ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর জানান এপ্রিল মাসে মাসিক সভা

অনুষ্ঠিত হয়নি। অপরদিকে জনাব আমিনুল ইসলাম, পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মোসাঃ শাহিনূর বেগম, সহকারী পরিচালক (সমন্বয়), নার্সিং এন্ড মিডওয়াইফারী অধিদপ্তর এবং জনাব মোঃ মুহিদ ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং মোঃ সুরুজ্জামান, প্রশাসনিক কর্মকর্তা, টেমো জানান এপ্রিল মাসের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

৬. মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতিঃ

ক. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতি সম্পর্কে উপস্থিত সভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি জানান, শোকেসিং পরবর্তি রেপ্লিকেশন বিষয়ক সভা হবে। সচিব মহোদয় ও মহাপরিচালকগণ সভায় উপস্থিত থাকবেন। ইনোভেশন কার্যক্রমের অগ্রগতির তথ্য এটুআই-কে জানাতে হয়।

খ. জনাব মোঃ মুহিদ ইসলাম, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর জানান, ঔষধ প্রশাসন অধিদপ্তরের চলমান প্রকল্পের বেটা ভার্সন এ্যাপ্লিকেশন আপ করা হয়েছে। এটি পরীক্ষামূলকভাবে চলছে। শীঘ্রই এটি উদ্বোধন করা হবে। সভাপতি মহোদয় এ্যাপসটির ভূয়সী প্রশংসা করেন এবং গণমাধ্যমকে আমন্ত্রণ জানিয়ে এ্যাপসটির উদ্বোধন করার পরামর্শ প্রদান করেন।

গ. সভাপতি মহোদয় ইনোভেশন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে গুরুত্ব আরোপ করে বলেন, মাঠ পর্যায়ে প্রজেক্টগুলো কিভাবে চলছে তার অগ্রগতি সম্পর্কে জানতে হবে। ৪টি প্রকল্পের রেপ্লিকেশন জরুরিভিত্তিতে শুরু করতে হবে। সচিব মহোদয় ও মহাপরিচালকগণের মতামত নিয়ে রেপ্লিকেশনের স্থানগুলো নির্ধারণ করতে হবে। মোড অব একশন এবং বাস্তবায়নের সময় নির্ধারণ করতে হবে। তিনি আরো বলেন, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক দুটি প্রকল্প রেপ্লিকেশনের জন্য মনোনীত হয়েছে। একটি সরকারি হাসপাতালে বহি:বিভাগে সেবা সহজীকরন (উজিরপুর, বরিশাল) এবং দ্বিতীয়টি কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্যসেবার মাধ্যমে মা ও শিশু মৃত্যর হার কমানো (পুঠিয়া, রাজশাহী)।

৭. মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনঃ

ক. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনের প্রতি গুরুত্বারোপ করে বলেন, পাইলট প্রকল্পসমূহ পরিদর্শন করলে স্থানীয় পর্যায়ে ইনোভেটরগণ উৎসাহিত হবেন। জনাব ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর জানান অপারেশন প্ল্যানের কাজে ব্যস্ততার দরুন মাঠ পর্যায়ে পরিদর্শন সম্ভব হয়নি।

খ. বিবিধঃ

মোসাঃ শাহিনূর বেগম, সহকারী পরিচালক (সমন্বয়), নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর জানান, অধিদপ্তরের নার্সদের পিডিএস সহজীকরণ প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে ২৮ হাজার পিডিএস সংগ্রহ করা সম্ভব হয়েছে।

৮. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৮.১: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে।

৮.২: ঔষধ প্রশাসন অধিদপ্তরকে মে ২০১৭ মাসের মধ্যে ০২ (দুই) দিনের উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে;

৮.৩: অধিদপ্তরসমূহকে প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন কন্টেন্ট অন্তর্ভুক্তির বিষয়ে জরুরিভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে হবে;

৮.৪: সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৮.৫: ইনোভেশন অফিসারসহ টিমের সদস্যগণকে চলমান প্রকল্পগুলো পরিদর্শন করতে হবে; এবং

৮.৬: শোকেসিং এ নির্বাচিত প্রকল্পগুলোর রেপ্লিকেশন কার্যক্রমকে ত্বরান্বিত করতে হবে।

৯. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ১৪.০৫.২০১৭
(আ: গাফ্ফার খান)
যুগ্ম-সচিব (প্রশাসন) ও
চিফ ইনোভেশন অফিসার

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-১১২ তারিখঃ ১৫.০৫.২০১৭ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. বেগম নাহিদ সুলতানা মল্লিক, উপসচিব (মানব সম্পদ/এইচআরএম) OP এ সংযুক্ত, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. জনাব হাসান মাহমুদ, উপসচিব (নির্মান/মেরামত শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. জনাব মো: মজিবুর রহমান, উপপ্রধান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. জনাব মো: লুৎফর রহমান, উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. জনাব আহমেদ লতিফুল ইসলাম, সিনিয়র সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।

কার্যার্থেঃ

১. সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

১৫.০৫.২০১৭
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

E:\ADMIN-4 (M&A)\innovation 001.2016 (45.141.093.00.00.008.2016)\Letter.doc

অদ্য ৩০.০৪.২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় যুগ্মসচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার জনাব আ: গাফফার খান এর সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের মাসিক সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরাঃ

ক্র:	নাম, পদবী ও কর্মস্থল	ফোন, মোবাইল ও ই-মেইল	স্বাক্ষর
১.			
২.			
৩.	নাসির উদ্দীন উপসচিব, প্রশাসন-৪, স্বাস্থ্য সেবা বিভাগ	01711987909 nasir.sry@gmail.com	[signature]
৪.	আব্দুল হামিদ মোড়ল উর্ধ্বতন প্রশিক্ষক, নিপোর্ট	০১৯২০-৯৬৮৬৩৬ moralheu@yahoo.co.uk	[signature] 30/04/2017
৫.	ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (চিকিৎসা [illegible]), স্বাস্থ্য অধিদপ্তর	০১৭১১৯৮৮৪৭৬ anwarhossain68@yahoo.com	[signature] 30/04/17
৬.	হাসান মাহমুদ DS, নির্মাণ, (স্বাস্থ্য) সেবা বিভাগ	01712085264	[signature] ৩০.৪.১৭
৭.	মো. [illegible] প্রোগ্রামার [illegible]	01712161926 lemo.gov.bd@gmil.com	[signature] 30/4/17
৮.	মো. মুহিদ ইসলাম [illegible]	01922900096 muhid1892@me.com	[signature] 30.08.17
.	আহমেদ লতিফুল হাসান [illegible]	01711223348 latifulhosain@gmail.com	[signature] 30.8.17
১০.	[illegible] [illegible]	01731-926976 shahinoor600@gmail.com	[signature] 30.04.2017
১১.	মো: আব্দুল হামিদ নির্বাহী প্রকৌশলী (অতি:), [illegible]	01727344256 engrhamid1967@yahoo.com	[signature] 30/4/17
১২.			
১৩.			
১৪.			
১৫.			
১৬.			